

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ
doict.sadar.jhenaidah.gov.bd

উপজেলা আইসিটি কমিটির নভেম্বর ২০২৩ খ্রি. মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	রাজিয়া আক্তার চৌধুরী উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	১৫/১১/২০২৩খ্রি.
সভার সময়	১২.০০ ঘটিকা
স্থান	উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

উপজেলা আইসিটি কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি অফিস, সদর, ঝিনাইদহ সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে সভার নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:-

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১। গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ: অক্টোবর ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	কোন সংশোধনী না থাকায় তা কার্যবিবরণী অনুমোদিত হলো।	
০২। মাল্টিমিডিয়া ক্লাসরুম: উপজেলা একাডেমিক সুপার ভাইসর জানান যে, উপজেলা সদরে ১২০টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে এবং ৯৯টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাসরুম নেয়া হয়েছে। তিনি আরোও উল্লেখ করেন যে, ১০৫টি ডিজিটাল হাজিরা সিস্টেম চালু আছে।	১) মাল্টিমিডিয়া ক্লাসরুম সচল আছে কি না তা যাচাই করতে হবে। ২) ডিজিটাল হাজিরা সিস্টেম চালুর ব্যবস্থা নিতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ঝিনাইদহ

<p>০৩। অভ্যন্তরীণ প্রশিক্ষণ: উপজেলা একাডেমিক সুপার ভাইসর জানান যে, অক্টোবর মাসে ৪৬টি অভ্যন্তরীণ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।</p>	<p>অভ্যন্তরীণ প্রশিক্ষণের এ ধারা অব্যাহত রাখতে হবে।</p>	<p>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ঝিনাইদহ</p>
<p>০৪। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন: উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা একাডেমিক সুপার ভাইসর বলেন যে, নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হচ্ছে।</p>	<p>শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন করতে হবে।</p>	<p>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার / উপজেলা শিক্ষা অফিসার, সদর, ঝিনাইদহ।</p>
<p>০৫। শেখ রাসেল ডিজিটাল ল্যাব: সহকারী প্রোগ্রামার বলেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক ঝিনাইদহ সদর উপজেলায় দুইটি পর্যায়ে ৩০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও স্কুল অব ফিউচার স্থাপন করা হয়েছে। অক্টোবর ২০২৩ মাসে ০৩টি ল্যাব পরিদর্শন করা হয়েছে।</p>	<p>১) ল্যাবগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে। ২) ল্যাবগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।</p>	<p>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার / সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি অফিস, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ</p>
<p>০৬। ডি-নথি কার্যক্রমের অগ্রগতি: সভাপতি উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসের ডি-নথির ব্যবহারের বিষয়ে গুরুত্বারোপ করেন।</p>	<p>ডি-নথির কার্যক্রম বৃদ্ধি করতে হবে।</p>	<p>দপ্তর প্রধান (সকল), ঝিনাইদহ সদর, ঝিনাইদহ</p>
<p>০৭। ওয়েব পোর্টাল হালনাগাদকরণ: সভাপতি উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ নিশ্চিত করতে হবে।</p>	<p>দপ্তর প্রধান (সকল), ঝিনাইদহ সদর, ঝিনাইদহ</p>
<p>০৮। ইউনিয়ন ডিজিটাল সেন্টার সম্পর্কিত: সভাপতি বলেন যে, ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোগকে “একসেবা” সিস্টেমে রেজিস্ট্রেশন থাকতে হবে এবং নিয়মিত আয় সংক্রান্ত তথ্য আপলোড করতে হবে।</p>	<p>“একসেবা” সিস্টেমে রেজিস্ট্রেশন এবং আয়-ব্যয়ের তথ্য নিয়মিত আপলোড করতে হবে।</p>	<p>উদ্যোক্তা (সকল), ঝিনাইদহ সদর, ঝিনাইদহ</p>

<p>০৯। প্রশিক্ষণ (হার-পাওয়ার): সহকারী প্রোগ্রামার প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত পরিদর্শন/তদারকি করেন। বলেন যে, হার পাওয়ার প্রকল্প- (প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন) এর মাধ্যমে ১ম পর্যায়ের “মহিলা ই-কর্মাস প্রফেশনাল” বিষয়ে মোট ০৬ মাসব্যাপী ২৫জন নারীর প্রশিক্ষণ চালু রয়েছে। এছাড়াও ৯টি ব্যাচের প্রশিক্ষণ পর্যায়ক্রমিক শুরু হবে।</p>	<p>প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত পরিদর্শন/তদারকি করতে হবে।</p>	<p>সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি অফিস, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ</p>
<p>১০। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS): সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>প্রাপ্ত অভিযোগসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।</p>	<p>অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ</p>

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Rajia

২৬-১১-২০২৩

রাজিয়া আক্তার চৌধুরী

উপজেলা নির্বাহী অফিসার

০৪৫১৬২৫৭৪

unojhenaidah@mopa.gov.bd

নম্বর: ৫৬.০৪.৪৪১৯.০০০.০৬.০০১.২২.৩৭

১১ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ২৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঝিনাইদহ-২, ঝিনাইদহ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি, সদর, ঝিনাইদহ;
- ২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ৩। জেলা প্রশাসক, ঝিনাইদহ;
- ৪। প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঝিনাইদহ, ;
- ৫। চেয়ারম্যান(ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ;
- ৬। অধ্যক্ষ,, ঝিনাইদহ;
- ৭। জনাব, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ। এবং
- ৮। প্রধান শিক্ষক,, ঝিনাইদহ।



Rajia

২৬-১১-২০২৩

রাজিয়া আক্তার চৌধুরী

উপজেলা নির্বাহী অফিসার